


## বুয়েটে বিকেল ৫টায় পরবর্তী অবস্থান জানাবেন শিক্ষার্থীরা

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

১৫ অক্টোবর ২০১৯, ১২:৩৬  
আপডেট: ১৫ অক্টোবর ২০১৯, ১২:৪৮




ফাইল ছবি

মেধাবী শিক্ষার্থী আবরার ফাহাদ হত্যার বিচারসহ বিভিন্ন দাবিতে ক্যাম্পাসে আবার জড়ো হয়েছেন বুয়েটের আন্দোলনরত শিক্ষার্থীরা। আজ মঙ্গলবার বেলা ১১টা থেকে ক্যাম্পাসে আসতে শুরু করেন শিক্ষার্থীরা। ক্যাম্পাসের ভেতরে বৈঠক করছেন। আজ বিকেল পাঁচটায় সংবাদ সম্মেলনে পরবর্তী অবস্থানের বিয়য়ে জানাবেন

তাঁরা।

এর আগে গতকাল সোমবার আবরার হত্যাকারীদের বিচারের দাবিতে গণস্বাক্ষর সংগ্রহ করেন আন্দোলনকারী শিক্ষার্থীরা। বুয়েটে ভর্তি পরীক্ষার কারণে গত রোববার ও গতকাল সোমবার আন্দোলন শিথিল করা হয়। আজ থেকে আন্দোলন পুরোদমে চলবে বলে জানান শিক্ষার্থীরা।



৬ অক্টোবর শেরেবাংলা হলে আবরারকে পিটিয়ে হত্যা করেন বুয়েট ছাত্রলীগের একদল নেতা-কর্মী। আবরার বুয়েটের তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগের দ্বিতীয় বর্ষের (১৭তম ব্যাচ) ছাত্র ছিলেন। তিনি থাকতেন বুয়েটের শেরেবাংলা হলের নিচতলায় ১০১১ নম্বর কক্ষে। ঘটনার দিন তাঁকে ডেকে নিয়ে যাওয়া হয় একই হলের ২০১১ নম্বর কক্ষে। ওই কক্ষে তাঁকে নির্ধারিত করে বুয়েট ছাত্রলীগের নেতা-কর্মীরা। রাত ৩টার দিকে হল থেকেই তাঁর লাশ উদ্ধার করে পুলিশ। এর পর থেকে শিক্ষার্থীরা আবরার হত্যার ঘটনায় খুনিদের সর্বোচ্চ শান্তি, বুয়েট ক্যাম্পাসে সাংগঠনিক ছাত্র রাজনীতি নিষিদ্ধ করাসহ ১০ দফা দাবিতে আন্দোলন চালিয়ে যাচ্ছেন। শিক্ষার্থীদের দাবির মুখে গত শুক্রবার সন্ধ্যায় বুয়েট ক্যাম্পাসে সাংগঠনিক ছাত্ররাজনীতি নিষিদ্ধ ঘোষণা করেন উপাচার্য অধ্যাপক সাইফুল ইসলাম। বুয়েটের কোনো শিক্ষার্থী ছাত্ররাজনীতিতে জড়িত হলে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার ঘোষণাও দেন তিনি। তবে শিক্ষার্থীরা বলছেন, কেবল আশ্বাস নয়, বাস্তবায়নও দেখতে চান তাঁরা।

আবরার হত্যার ঘটনায় গ্রেপ্তার হওয়া ১৯ জনের মধ্যে চারজন আদালতে স্বীকারোভিডিমূলক জবানবন্দি দিয়েছেন।